



## সচিব

বোর্ড ও জনসংযোগ বিভাগ  
মোংলা বন্দর কর্তৃপক্ষ  
ওয়েব সাইটঃ [www.mpa.gov.bd](http://www.mpa.gov.bd)

### “সংবাদ বিজ্ঞপ্তি”

### “মোংলা বন্দরের ভূয়া নিয়োগ পত্র তৈরিকারী প্রতারক আজিজুল ইসলাম গ্রেফতার, খোঁজ করা হচ্ছে জড়িতদেরকেও”

বেশ কিছুদিন ধরেই মোংলা বন্দর কর্তৃপক্ষের ভূয়া নিয়োগ পত্র তৈরী করে একটি চক্র বিভিন্ন লোকজনকে চাকরি দেয়ার প্রলোভন দিয়ে হাতিয়ে নিচ্ছে নগত অর্থ। প্রতারণার শিকার মো: জসিম মিয়া (২১), পিতা-মো: কামাল মিয়া, নিজ জেলা-শেরপুর মোংলা বন্দর কর্তৃপক্ষের সম্মুখে বন্দরের সম্পত্তি শাখার ল্যান্ড সার্ভেয়ার মো: আবুল খায়েরকে একটি ভূয়া নিয়োগপত্র দেখায় ও প্রতারণার কথা জানান। ল্যান্ড সার্ভেয়ার তাৎক্ষণিক ঘটনাটি বন্দর কর্তৃপক্ষের পরিচালক (প্রশাসন) কে জানায় এবং প্রতারণার শিকার মো: জসিম মিয়া এই নিয়োগ পত্র কোথায় পেয়েছে জানতে চাইলে তিনি প্রতারক মো: আজিজুল ইসলাম (২৭), পিতা: খোকন ঢালি, নিজ জেলা সাতক্ষীরা তার বিশ্বাস অর্জনের জন্য মো: ইসমাইল হোসেন, পিতা- মো: রমজান আলী, কুড়িগ্রাম- কে সুপারভাইজার পদে চাকরি দিয়েছেন এরকম একটি ভূয়া নিয়োগ পত্র দেখিয়ে মো: জসিম মিয়ার নিকট হতে নগত ৫০,০০০/- (পঁঞ্চাশ হাজার) টাকা ও বাকি ৭,৫০০০০/- (সাত লক্ষ পঁঞ্চাশ হাজার) টাকা যোগদানের পরে দেয়া হবে বলে তাদের মধ্যে চুক্তি হয়। ভিকটিমের দেয়া তথ্য মতে প্রতারক আজিজুল ইসলামকে মোংলা বন্দরের নিরাপত্তা কর্মীদের সহায়তায় আটক করা হয় ও প্রাথমিক জিজ্ঞাসাবাদের সময় প্রতারক অসুস্থবোধ করলে তাকে মোংলা বন্দর হাসপাতালে প্রাথমিক চিকিৎসা প্রদান করা হয়। প্রাথমিক কিছু জিজ্ঞাসাবাদ শেষে প্রতারক মো: আজিজুল ইসলামসহ অজ্ঞাতনামাদের নামে মোংলা থানায় এজাহার দায়ের পূর্বক আজিজুল ইসলামকে মোংলা থানায় হস্তান্তর করা হয়।

এবিষয়ে মোংলা বন্দর কর্তৃপক্ষের পরিচালক (প্রশাসন) মো: শাহীনের আলম বলেন, “ভূয়া নিয়োগ পত্র তৈরি করে অর্থ হাতিয়ে নিচ্ছে প্রতারক চক্র। এবিষয়টি মোংলা বন্দর কর্তৃপক্ষ দৃষ্টিগোচর হলে তাৎক্ষণিকভাবে কর্তৃপক্ষ কর্তৃক আসামির নামে মোংলা থানায় এজাহার দায়ের করা হয়। এই ধরনের প্রতারণামূলক কার্যক্রম অবৈধ এবং এর জন্য জনসাধারণকে সচেতন ও দায়িত্বশীল হতে হবে। এই প্রকার জালিয়াতি কার্যক্রমগুলি প্রতিরোধ করার জন্য সকলকে সচেতন থাকার পাশাপাশি এধরনের কার্যক্রম দৃষ্টিগোচর হলে সঙ্গে সঙ্গে মোংলা বন্দর কর্তৃপক্ষকে তথ্য দিয়ে সহায়তা করুন।”

স্বাক্ষরিত/-

মো: মাকরুজ্জামান

সচিব (অ. দা.)